

১৫৯ পদে এটিইও নিয়োগ পরীক্ষার তারিখ ঘোষণা

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে

১৫৯ জন সহকারী উপজেলা বা থানা শিক্ষা কর্মকর্তা (এটিইও)

পদে নিয়োগ পরীক্ষার তারিখ ঘোষণা করেছে সরকারি কর্ম

কমিশন (পিএসসি)। অনলাইনে আবেদনকারী বিভাগীয় প্রার্থীদের

এমসিকিট পরীক্ষা আগামী ৬ সেপ্টেম্বর বেলা ১১ থেকে দুপুর

১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরীক্ষা হবে ১ ঘণ্টার।

বিস্তারিত আসন বিন্যাস ও সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ নির্দেশনা যথাসময়ে

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ওয়েবসাইট এ এবং টেলিটেক

বাংলাদেশ লিমিটেডের ওয়েবসাইট এ প্রকাশ করা হবে।

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে ২০২৩ সালের ২৬

জুন আবেদন শুরু হয়েছিল। পরে আবেদন শেষের একদিন আগে

৩০ জুলাই হঠাত আবেদন স্থগিত করা হয়। ২০২৪ সালে আবার

সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদন শুরু হয় ১ জুলাই।

আবেদনের শেষ সময় ছিল ওই বছরের ২৫ জুলাই কিন্তু সময়

বাড়িয়ে ৮ আগস্ট থেকে ২২ আগস্ট পর্যন্ত বাড়ানো হয়।

আবেদন ফি ছিল ৫০০ টাকা।